

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শিল্প ও শক্তি সেক্টর
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণীঃ

১.	প্রকল্পের নাম	:	বিবিয়ানা কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন (সংশোধিত)
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি)
৪.	প্রকল্পের অবস্থান	:	ঢাকা ও সিলেট বিভাগের ৭টি জেলার ১৮টি উপজেলা

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

অনুমোদনের পর্যায়	মেয়াদ	অনুমোদিত ব্যয় মোট জিওবি পিএ সংস্থার অর্থ	হ্রাস/বৃদ্ধি (%)	
			মূল ডিপিপি তুলনায়	সর্বশেষ অনুমোদনের তুলনায়
মূল অনুমোদিত	জুলাই, ২০১০ থেকে জুন, ২০১৩	<ul style="list-style-type: none">১৭১৪৩৫.০০৮২২৩০.০০৬৪২৬৯.০০২৪৯৩৬.০০	-	
১ম সংশোধন	জুলাই, ২০১০ থেকে জুন, ২০১৭	<ul style="list-style-type: none">২০১০৫৬.৫৬৭৯৫১৮.৮১৭৪০০০.০০৪৭৫৩৭.৭৫	১৭.৩%	
২য় সংশোধন	-	-	-	
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	-			

৬. ক্রমপুঞ্জিত অগ্রগতি জুন ২০১৬ : আর্থিক ১৭৬৬.৫৪ লক্ষ টাকা (৮৮%)

৭. প্রকল্পের উদ্দেশ্যঃ

- সিলেট বিভাগে উৎপাদিত উদ্ধৃত সিলেট হতে ঢাকায় সঞ্চালন এবং বিদ্যমান সঞ্চারণ লাইনের উপর লোড-হ্রাসকরণ;
- ঢাকার উত্তরাংশে পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ; এবং
- সিলেট অঞ্চলে নতুন স্থাপিতব্য ও বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালন করা।

৮. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

- বিবিয়ানা-কালিয়াকৈর ১৭০ কিমি ডাবল সার্কিট ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ
- কালিয়াকৈরে ৪০০/২৩০/১৩২ কেভি গ্রীড সাবস্টেশন নির্মাণ
- বিবিয়ানায় ৪০০/২৩০ কেভি গ্রীড সাবস্টেশন নির্মাণ
- আমিন বাজার-টঞ্জী, কবিরপুর -টাঙ্গাইল ও কালিয়াকৈর-খামরাই ৫৭ কিমি ২৩০ কেভি সঞ্চালন লাইন
- ফেঞ্চগঞ্জ-বিবিয়ানা ৩৬.৯৪ কিমি ২৩০ কেভি সঞ্চালন লাইন

খ. পরামর্শকের কার্যপরিধি (ToR) :

৯.০ পরামর্শকের দায়িত্বঃ

- ৯.১ প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ, বরাদ্দ অনুযায়ী ব্যয়সহ প্রাসংগিক সকল তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৯.২ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ;
- ৯.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পথে অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান;
- ৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত / সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৬ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাাবলী যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা ;
- ৮.৭ প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত;
- ৯.৮ উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;
- ৯.৯ প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;
- ৯.১০ প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;
- ৯.১১ পর্যবেক্ষণের আলোকে সুপারিশ প্রণয়ন; এবং
- ৯.১২ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

১০. ব্যক্তি পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তড়িৎ প্রকৌশল/ যন্ত্র প্রকৌশল কাজে ন্যূনতম স্নাতক ডিগ্রী।	<ul style="list-style-type: none">● প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণাসহ প্রকৌশল সংক্রান্ত কাজে কমপক্ষে ১০(দশ) বছরের অভিজ্ঞতা এবং বিশেষভাবে পাওয়ার সেক্টরের কাজে কমপক্ষে ২(দুই) বছরের অভিজ্ঞতা।● পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ সম্বন্ধে সম্যক ধারণা।● কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান● প্রতিবেদন উপস্থাপনে বিশেষ দক্ষতা

১১. পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে

ক্রমিক	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

১২. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়ঃ

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।